

**স্নাতক স্তরে অফলাইনে পঠন-পাঠন শুরু করার সরকারী বিজ্ঞপ্তি, এবং এই বিজ্ঞপ্তির
পরিপ্রেক্ষিতে বর্ধমান বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশিকা অনুসারে আগামী
১৬।১১।২০২১ (মঙ্গলবার) থেকে বিজয়নারায়ণ মহাবিদ্যালয়ে অফলাইন পদ্ধতিতে
ক্লাস শুরু করা হবে।**

সরকারী নির্দেশিকা মেনে এবং কোভিড সংক্রমণের সমস্যা মাথায় রেখে একাডেমিক কমিটি, আই.কিউ.এ.সি.
এবং বিভাগীয় প্রধানদের সাথে আলোচনাক্রমে অফলাইন ক্লাস সংক্রান্ত একটি নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে।

প্রারম্ভিক পর্যায়ে পরীক্ষামূলকভাবে :

এই নির্দেশিকা মেনে একই সাথে অফলাইন এবং অনলাইন পদ্ধতিতে পঠন পাঠনের কাজ পরিচালিত হবে।

১। প্রাথমিক ভাবে দিবা বিভাগে কেবলমাত্র সাম্মানিক (অনার্স) শাখার ছাত্র-ছাত্রীদের নিয়ে অফ-লাইন ক্লাস
শুরু করা হবে।

২। কোভিড সংক্রমণের সমস্যা মাথায় রেখে প্রতিটি বিভাগ বিশেষ রুটিন তৈরী করবে।

বিভাগগতভাবে পরিকাঠামো, স্থানের প্রতুলতা এবং ক্লাসের গুরুত্ব অনুসারে ৩০শে নভেম্বর পর্যন্ত 5th
সেমিস্টারের জন্য সপ্তাহে তিন দিন, 3rd সেমিস্টারের জন্য দুই দিন, এবং 1st সেমিস্টারের জন্য এক দিন অফ-
লাইন ক্লাসের ব্যবস্থা করা যেতে পারে। বাকী দিনগুলোতে অনলাইন ক্লাস চালু রাখতে হবে।

এক বেঞ্চে সাধারণভাবে দুজনের বেশি ছাত্র ছাত্রীকে বসান যাবে না। প্রয়োজনে বড়ো ক্লাসকে একাধিক সেকশানে
ভেঙে নিয়ে বিভাগগত ভাবে রুটিন করা যেতে পারে।

৪। কেবলমাত্র প্রাতঃ বিভাগের সাধারণ শাখা (পাস কোর্স)-এর ছাত্র-ছাত্রীদের জন্য সকাল দশটা পর্যন্ত অফ-
লাইন ক্লাসের অনুমোদন থাকবে।

প্রাতঃ বিভাগের

ENVS, L1-1, L1-2 এবং ইংরেজি পাস কোর্সের ক্লাস অনলাইন পদ্ধতিতেই করা হবে।

ক্লাস শেষ হয়ে গেলে প্রাতঃ বিভাগের কোনও ছাত্র-ছাত্রী কলেজ প্রাঙ্গণে থাকতে পারবে না।

৫। ৩০শে নভেম্বর পর্যন্ত দিবা বিভাগের সাধারণ শাখা (পাস কোর্স)-এর ছাত্র-ছাত্রীদের জন্য অনলাইন
পদ্ধতিতেই ক্লাস চালু থাকবে।

৬। ৩০শে নভেম্বর পর্যন্ত কোনও প্র্যাকটিকাল ক্লাস হবে না।

৭। কলেজ খোলার আগে কলেজ ভবন গুলি ভালো ভাবে জীবানুমুক্ত করে নেওয়া হবে।



৮। কলেজ প্রাপ্তি প্রবেশ করার আগে প্রত্যেক ব্যক্তিকে জীবানুনাশক ব্যবহার করে যথোপযুক্ত ভাবে জীবানুমুক্ত করে নেওয়া হবে।

৯। উপযুক্ত কারণ বা প্রয়োজন ছাড়া কোনও বহিরাগত ব্যক্তিকে কলেজ প্রাপ্তি প্রবেশ করতে দেওয়া হবে না।

১০। কলেজ প্রাপ্তি প্রত্যেক ব্যক্তিকে কোভিড নিয়মবিধি মেনে চলতে হবে। মাস্ক এবং জীবানুনাশকের ব্যবহার, হাত ধোয়া, দূরত্ব বজায় রাখা একান্ত আবশ্যিক। কোথাও কোনও জমায়েত করা যাবে না।

১১। লাইব্রেরী থেকে বই নেওয়া বা জমা দেওয়া যাবে। কিন্তু রীডিং রুমে বসা যাবে না।

১২। জমায়েত বন্ধ রাখতে ৩০শে নভেম্বর পর্যন্ত ক্যান্টিন বন্ধ থাকবে।

১৩। প্রয়োজনে বা কোনো রকম সমস্যা অনুভব করলে, তা' এন.সি.সি এবং এন. এস.এস. পরিচালিত কোভিড মনিটরিং ফোর্সের সদস্য বা আধিকারিকদের নজরে আনতে হবে।

By Order

Principal
Bijoy Narayan Mahavidyalaya
P.O.-Nachua, Dt.-Hooghly

